



বিদ্যুৎ বিভাগ

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়



বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হতে সম্মানিত বিদ্যুৎ গ্রাহকগণের প্রতি আহবান

বিদ্যুৎ ব্যবহারের ক্ষেত্রে	বিদ্যুৎ সাশ্রয় করণীয়
লাইটিং	<p>বিদ্যুৎ সাশ্রয়ী LED বাস্ব ব্যবহার করা এবং কক্ষের আকৃতি অনুসারে নির্ধারিত লাক্সের বাতি ব্যবহার করা। প্রয়োজনের অতিরিক্ত লাইটের ব্যবহার হতে বিরত থাকা এবং অপ্রয়োজনে লাইট বন্ধ রাখা।</p> <p>বৈদ্যুতিক বাস্বের উপরিভাগে ধূলাবালি জমলে এর উজ্জ্বলতা কমে যায় বিধায় বাস্বসহ লাইটিং সিস্টেম নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা।</p> <p>দিনের আলোর (ডে-লাইট) সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করতে প্রয়োজনে কক্ষের আসবাবপত্র পুনঃবিন্যস্ত করা।</p>
ফ্যান	<p>Energy Rating অনুযায়ী আধুনিক প্রযুক্তির বিদ্যুৎ সাশ্রয়ী ফ্যান ব্যবহার;</p> <p>অপ্রয়োজনে ফ্যান বন্ধ রাখা;</p>
টেলিভিশন, ওভেন, ওয়াশিং মেশিন, ব্লেন্ডার ইত্যাদি	<p>নিত্য প্রয়োজনে ব্যবহৃত টিভি, ওভেন, ওয়াশিং মেশিন, ব্লেন্ডার ইত্যাদির এনার্জি রেটিং দেখে ক্রয় ও ব্যবহার করা। অপ্রয়োজনে এ সকল যন্ত্রপাতির সুইচ বন্ধ রাখা।</p>
কম্পিউটার, ল্যাপটপ, প্রিন্টার, স্ক্যানার	<p>কম্পিউটার, ল্যাপটপ, প্রিন্টার, স্ক্যানার ইত্যাদির ব্যবহার করা হয় না এমন সময় সুইচ বন্ধ রাখা বা প্রয়োজ্য ক্ষেত্রে স্লিপ মুডে রাখা।</p>
রেফ্রিজারেটর	<p>গরম খাবার ঠাণ্ডা করার পর রেফ্রিজারেটরে সংরক্ষণ করা।</p> <p>পুরনো/অকেজো রেফ্রিজারেটরের পরিবর্তে প্রয়োজন হলে ইনভার্টার টেকনোলজিযুক্ত বিদ্যুৎ সাশ্রয়ী রেফ্রিজারেটর ক্রয় করা।</p>
শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র	<p>এসির তাপমাত্রা ২৫°C বা তার উপরে রাখা (কারণ প্রতি ১ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রা বাড়ালে ১০ শতাংশ বিদ্যুৎ সাশ্রয় করা যায়)। প্রয়োজনে দীর্ঘক্ষণ ধারাবাহিকভাবে এসি ব্যবহার না করা। এছাড়া শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্রের দক্ষ ব্যবহারের লক্ষ্যে শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র ও ফ্যান একসাথে চালিয়ে শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্রের তাপমাত্রা ২৫°C এর অধিক রাখা যেতে পারে।</p> <p>শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র সাশ্রয়ী ও দক্ষভাবে ব্যবহার করতে এবং সর্বাধিক স্বস্তি নিশ্চিত করতে কক্ষের দরজা- জানালাসহ বায়ু চলাচল স্থান যতদূর সম্ভব বন্ধ রাখা (যেমন: দরজার নিচ, ভেন্টিলেটর ইত্যাদি)।</p> <p>তাপপ্রবাহ রোধে কক্ষের পূর্বদিকের জানালার পর্দা সকাল ১০:০০ টা পর্যন্ত এবং পশ্চিম দিকের জানালার পর্দা দুপুর ২:০০ টার পর থেকে নামিয়ে রাখা, এতে কক্ষ অপেক্ষাকৃত ঠাণ্ডা থাকবে।</p> <p>শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র প্রতিবছর কমপক্ষে একবার সার্ভিসিং করা।</p> <p>পুরনো/অকেজো শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র পরিবর্তনের প্রয়োজন হলে ইনভার্টার টেকনোলজিযুক্ত বিদ্যুৎ সাশ্রয়ী শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র ক্রয় করা।</p>
গিজার	<p>পানি গরমের ক্ষেত্রে গিজার কম সময় ব্যবহার করা। উদাহরণস্বরূপ, গিজার সর্বক্ষণ না চালিয়ে রেখে গোসল করার অধাঘন্টা পূর্বে গিজার চালু করা।</p>
পানির পাম্প ও ট্যাপ	<p>বাসা-বাড়ির পানি উত্তোলনের জন্য Energy Rating অনুযায়ী বিদ্যুৎ সাশ্রয়ী পানির পাম্প ব্যবহার (প্রয়োজনে পানির ট্যাঙ্ক ব্যবহার)। পানির সাশ্রয়ী ব্যবহার নিশ্চিত করা যেমন: ব্রাশ, শেভ করার সময় পানির ট্যাপ খুলে না রাখা এবং গোসলের সময় ঝর্ণা ব্যবহার করা ইত্যাদি।</p>
ইলেক্ট্রিক	<p>বৈদ্যুতিক ইলেক্ট্রিক ব্যবহার সীমিত করা।</p>
শিল্প খাতে ফার্নেস অয়েল, কো-জেনারেশন, বয়লার ইত্যাদি	<p>অনুমোদিত লোডের মধ্যে পিক ও অফ-পিক আওয়ার বিবেচনা করে বিদ্যুৎ ব্যবহার এবং পিক ও অফ-পিক মিটারের ব্যবহার নিশ্চিতকরণ।</p> <p>স্টীল মিল/রি-রোলিং মিলের ফার্নেস অয়েলের দক্ষতা বৃদ্ধি করা।</p> <p>কো-জেনারেশন উৎসাহিতকরণ।</p> <p>বৈদ্যুতিক যন্ত্রপাতির স্টার লেবেলিং কার্যক্রম গ্রহণ করা।</p> <p>বয়লারের দক্ষতা বৃদ্ধি করা।</p> <p>শিল্প খাতে বিদ্যুতের অদক্ষ ব্যবহার পরিহার করার লক্ষ্যে নিয়মিত এনার্জি অডিট করা এবং সে আলোকে দক্ষ যন্ত্রপাতির ব্যবহার নিশ্চিত করা।</p>
সেচ যন্ত্র	<p>সেচ পাম্পসমূহ পিক আওয়ারে না চালিয়ে অফ পিক আওয়ারে (রাত ১১টা হতে পরদিন ভোর ৭টা) চালানো এবং প্রয়োজনীয় ক্ষেত্রে ব্যতীত সেচ পাম্প বন্ধ রাখা;</p> <p>সেচ মৌসুমে বিদ্যুতের সাশ্রয় বা বিদ্যুৎ ব্যবহার হ্রাসের জন্য কৃষি কাজে wet & dry পদ্ধতি প্রয়োগ করা; সৌর বিদ্যুৎ চালিত সেচ যন্ত্র ব্যবহার। সৌর বিদ্যুৎ চালিত সেচ যন্ত্র ব্যবহার।</p>